# প্রবাসী কল্যাণ ব্যাংক

প্রধান কার্যালয়, ঢাকা

প্রবাসী কল্যাণ ভবন, ৭১-৭২, পুরাতন এ্যালিফেন্ট রোড, ইস্কাটন, ঢাকা website: www.pkb.gov.bd



**প্রবাসী কল্যাণ ব্যাংকের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস্ চার্টার) পরিবীক্ষণ প্রতিবেদন প্রেরণ।**

নং-৫৩.১৬.২৬৬৬.৯৯৯.৯৯.০১.২১-৬৮৭ তারিখঃ ২৮.১২.২০২১

প্রবাসী কল্যাণ ব্যাংক এর সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) পরিবীক্ষণ কমিটি কর্তৃক এ ব্যাংকের প্রধান শাখায় পরিদর্শন করে সিটিজেন চার্টার অনুযায়ী কার্যক্রম পরিচালিত হচ্ছে কি না তা পরিবীক্ষণ করা হয়। উক্ত শাখায় অত্র ব্যাংকের সিটিজেন চার্টার এর নাগরিক সেবা সংক্রান্ত কার্যক্রমসমূহ পরিবীক্ষণ করে এর ফলাফল নিম্নোক্তভাবে প্রতিবেদন আকারে উপস্থাপন করা হলোঃ

**নাগরিক সেবাঃ**

**১. অভিবাসন ঋণঃ**

**প্রয়োজনীয় কাগজপত্রঃ** ব্যাংকের নির্ধারিত আবেদন ফরম, ঋণ আবেদনকারী ও জামিনদারদের ০২ কপি পাসপোর্ট সাইজের ছবি, ভোটার আইডি কার্ডের ফটোকপি, বর্তমান ঠিকানা এবং স্থায়ী ঠিকানাসহ পৌরসভা/ইউনিয়ন পরিষদের সার্টিফিকেট এর সত্যায়িত ফটোকপি; জামিনদারদের যে কোন এক জনের স্বাক্ষরকৃত ০৩ টি চেকের পাতা (ঢাকার ক্ষেত্রে MICR চেক বাধ্যতামুলক) ও সংশ্লিষ্ট ব্যাংকের হিসাব বিবরণী এবং ম্যানপাওয়ার স্মার্ট কার্ড, পাসপোর্ট ও ভিসার সত্যায়িত ফটোকপি।

**সেবার মূল্য ও পরিশোধ পদ্ধতিঃ**

কাগজপত্রসহ আবেদনপত্র পাওয়া গেলে ০৩ কর্মদিবসের মধ্যে ঋণ প্রদান করা হয়। ঋণ গ্রহণের সময় ৫০০.০০(পাঁচশত) টাকা জমা করে সঞ্চয়ী হিসাব খুলতে হবে; ঋণ গ্রহণের সময় ঋণ ঝুঁকি আচ্ছাদন স্কীমের সদস্য হতে হবে। অভিবাসন ঋণসীমা সর্বোচ্চ ৩.০০ (তিন) লক্ষ টাকা এবং বিমান টিকিট (রি-এন্টি ভিসা) সহ অন্যান্য আনুষঙ্গিক ব্যয় বাবদ সর্বোচ্চ ২.০০ (দুই) লক্ষ টাকা। ৯% ফ্ল্যাট রেটে ঋণের মেয়াদকাল ০১ (এক) বৎসর হতে সর্ব্বোচ্চ ০৩ (তিন) বছর। বিমানটিকিট ক্রয়ের জন্য সর্বোচ্চ ০২ বছর।

**মন্তব্যঃ** কোন ঋণগ্রহিতা শাখায় ঋণ সহায়তা নিতে আসলে শাখা ব্যবস্থাপকগণ কম সময় ও সহযোগিতার মনোভাব নিয়ে ঋণ প্রদান করে কিনা? সে বিষয়ে সেবা গ্রহীতাদের মতামত জানতে চাওয়া হয়। তারা সকলে ইতিবাচক উত্তর প্রদান করেন। শাখা ব্যবস্থাপকগণকে সেবা গ্রহিতাগণের কাঙ্খিত সেবা পেতে যেন বিলম্ব না হয় সে ব্যাপারে প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হয়।

**২. পুনর্বাসন ঋণ** (প্রবাস ফেরত কর্মীদের ঋণ প্রদান করা হয়) ঃ

**প্রয়োজনীয় কাগজপত্রঃ**

ঋণ আবেদনপত্র (নির্ধারিত ফরমে), আবেদনকারীর সদ্য তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের ছবি, পাসপোর্ট/জাতীয় পরিচয় পত্রের ফটোকপি,বর্তমান ঠিকানা এবং স্থায়ী ঠিকানা সম্বলিত পৌরসভা/ইউনিয়ন পরিষদ কর্তৃক প্রদত্ত সনদপত্র।

হালনাগাদ ট্রেড লাইসেন্সের ফটোকপি (যদি না থাকে কারণ উল্লেখ করতে হবে); ঋণ পরিশোধে সক্ষম ঋণ আবেদনকারীর পিতা/মাতা/স্বামী/স্ত্রী/ভাই/বোন/নিকটতম আত্নীয় এবং ঋণ পরিশোধে সক্ষম এমন ব্যক্তি যিনি আর্থিকভাবে সচ্ছল ও সমাজে গণ্যমান্য তিনিও গ্যারান্টর হতে পারবেন।

**সেবার মূল্য ও পরিশোধ পদ্ধতিঃ** কাগজপত্রসহ আবেদনপত্র পাওয়া গেলে ১৫ কর্মদিবসের মধ্যে ঋণ প্রদান করা হয়। ঋণ গ্রহণের পূর্বে অত্র ব্যাংকে ন্যূনতম ১,০০০/-(এক হাজার) টাকা জমা করে চলতি হিসাব ৫০০.০০ (পাঁচশত) টাকা জমা করে সঞ্চয়ী হিসাব খুলতে হবে ঋণ সীমা সর্বোচ্চ ঋণ সীমা ৫০.০০ (পঞ্চাশ) লক্ষ টাকা।

**মন্তব্যঃ** কোন ঋণগ্রহিতা শাখায় ঋণ সহায়তা নিতে আসলে শাখা ব্যবস্থাপকগণ কম সময় ও সহযোগিতার মনোভাব নিয়ে ঋণ প্রদান করে কিনা? সে বিষয়ে সেবা গ্রহীতাদের মতামত জানতে চাওয়া হয়। তারা সকলে ইতিবাচক উত্তর প্রদান করেন। শাখা ব্যবস্থাপকগণকে সেবা গ্রহিতাগণের কাঙ্খিত সেবা পেতে যেন বিলম্ব না হয় সে ব্যাপারে প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হয়।

**৩. বঙ্গবন্ধু অভিবাসী বৃহৎ পরিবার ঋণঃ**

**প্রয়োজনীয় কাগজপত্রঃ** ব্যাংকের নির্ধারিত আবেদন ফরম, ঋণ আবেদনকারী ও জামিনদারদের ০২ কপি পাসর্পোট সাইজের ছবি, ভোটার আইডি কার্ডের সত্যায়িত কপি, বর্তমান ঠিকানা এবং স্থায়ী ঠিকানাসহ পৌরসভা/ইউনিয়ন পরিষদের সার্টিফিকেট এর সত্যায়িত ফটোকপি হালনাগাদ ট্রেড লাইসেন্সের ফটোকপি (প্রযোজ্য ক্ষেত্রে)। বিশ্বব্যাপী কোভিড-১৯ এর প্রাদুর্ভাবের কারণে যে সকল বাংলাদেশি অভিবাসী কর্মী ক্ষতিগ্রস্ত হয়ে দেশে ফেরত এসেছেন সে সকল কর্মী/বিদেশে মৃত্যুবরণ করেছেন তাঁর পরিবারের উপযুক্ত ১ (এক) জন সদস্য এ ঋণ পাওয়ার যোগ্য বলে বিবেচিত হবে। ঋণ আবেদনপত্র (নির্ধারিত ফরমে); পাসপোর্ট, বিএমইটি'র স্মার্ট কার্ড/ চাকরিরত দেশের আইডি কার্ড এর ফটোকপি; আবেদনকারীর সদ্য তোলা ০৩ (তিন) কপি ও গ্যারান্টরের সদ্য তোলা ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি, জাতীয় পরিচয় পত্র/পাসপোর্ট/প্রযোজ্য ক্ষেত্রে জন্মনিবন্ধনের ফটোকপি।

**সহজামানত/জামানত/গ্যারান্টিঃ**

জমানতবিহীন ঋণ সর্বোচ্চ ৩.০০ (তিন) লক্ষ টাকা, জামানতসহ ঋণ ৩.০০ (তিন) লক্ষ টাকার উর্ধ্বে হতে ৫.০০ (পাঁচ) লক্ষ টাকা পর্যন্ত; ঋণের পরিমাণ ৫.০০ (পাঁচ) লক্ষ টাকার উর্ধ্বে হলে ঋণের বিপরীতে ঋণ গ্রহীতা/গ্যারান্টরের মালিকানাধীন স্থাবর সম্পত্তি রেজিস্ট্রি মর্টগেজমূলে ব্যাংকের অনুকূলে দায়বদ্ধ থাকবে।

**সেবার মূল্য ও পরিশোধ পদ্ধতিঃ** উপরোক্ত কাগজপত্রসহ আবেদনপত্র পাওয়া গেলে ১৫ কর্মদিবসের মধ্যে ঋণ প্রদান করা হয়। ন্যূনতম ১,০০০/-(এক হাজার) টাকা জমা করে চলতি হিসাব ৫০০.০০ (পাঁচশত) টাকা জমা করে সঞ্চয়ী হিসাব খুলতে হবে।

**মন্তব্যঃ** কোন ঋণগ্রহিতা শাখায় ঋণ সহায়তা নিতে আসলে শাখা ব্যবস্থাপকগণ কম সময় কাগজপত্র যাচাই বাছাই করে ঋণ প্রদান করে থাকেন এবং ঋণ গ্রহণকালে কোন প্রকার হয়রানির স্বীকার না হন সে বিষয়ে শাখা ব্যবস্থাপক তৎপর থাকেন। শাখা পরিদর্শনকালে তা প্রতিয়মান হয় এবং শাখা ব্যবস্থাপকগণকে সেবা গ্রহিতাগণের কাঙ্খিত সেবা পেতে যেন বিলম্ব না হয় সে ব্যাপারে প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হয়।

**৪. কোভিড-১৯ বিশেষ পুনর্বাসন ঋণঃ**

**প্রয়োজনীয় কাগজপত্রঃ** বিশ্বব্যাপী কোভিড-১৯ এর প্রাদুর্ভাবের কারণে যে সকল বাংলাদেশি অভিবাসী কর্মী ক্ষতিগ্রস্ত হয়ে দেশে ফেরত এসেছেন সে সকল কর্মী/বিদেশে মৃত্যুবরণ করেছেন তাঁর পরিবারের উপযুক্ত ১ (এক) জন সদস্য এ ঋণ পাওয়ার যোগ্য বলে বিবেচিত হবে। ঋণ আবেদনপত্র (নির্ধারিত ফরমে) করতে হবে। পাসপোর্ট, বিএমইটি'র স্মার্ট কার্ড/ চাকরিরত দেশের আইডি কার্ড এর ফটোকপি, আবেদনকারীর সদ্য তোলা ০৩ (তিন) কপি ও গ্যারান্টরের সদ্য তোলা ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি, জাতীয় পরিচয় পত্র/পাসপোর্ট/প্রযোজ্য ক্ষেত্র জন্মনিবন্ধনের ফটোকপি।

**সহজামানত/জামানত/গ্যারান্টিঃ**

সর্বোচ্চ ৩.০০ (তিন) লক্ষ টাকা পর্যন্ত সহজামানতবিহীন; ৩.০০ (তিন) লক্ষ টাকার উর্ধ্বে ঋণ মঞ্জুরির ক্ষেত্রে ১.৫ গুণ সমপরিমাণ সহজামানত নিতে হবে। ৩.০০ (তিন) লক্ষ টাকার উর্দ্ধে হতে ৫.০০ (পাঁচ) লক্ষ টাকা পর্যন্ত ঋণের ক্ষেত্রে সহজামানত গ্রহণ করতে হবে। ঋণের পরিমাণ ৫.০০ (পাঁচ) লক্ষ টাকার উর্ধ্বে হলে ঋণের বিপরীতে ঋণ গ্রহীতা/গ্যারান্টরের মালিকানাধীন স্থাবর সম্পত্তি রেজিস্ট্রি মর্টগেজমূলে ব্যাংকের অনুকূলে দায়বদ্ধ থাকবে। ঋণ গ্রহীতার নিকট হতে নিজ নামীয় ৩ (তিন) টি স্বাক্ষরিত চেকের পাতা নিতে হবে (রেজিস্ট্রি মর্টগেজ ঋণ ব্যতিত)।

**সেবার মূল্য ও পরিশোধ পদ্ধতিঃ** উপরোক্ত কাগজপত্রসহ আবেদনপত্র পাওয়ার পর প্রয়োজনীয় কাগজাদি যাচাই বাছাইয়ান্তে দ্রুততম সময়ের মধ্যে ঋণ প্রদান করা হয়। ঋণ গ্রহণের পূর্বে অত্র ব্যাংকে ন্যূনতম ১,০০০/-(এক হাজার) টাকা জমা করে চলতি হিসাব ৫০০.০০ (পাঁচশত) টাকা জমা করে সঞ্চয়ী হিসাব খুলতে হবে। একক ঋণ সর্বোচ্চ ৫.০০ (পাঁচ) লক্ষ টাকা,গ্রুপ ঋণের ক্ষেত্রে এক সদস্যের ঋণের সীমা ৫.০০ (পাঁচ) লক্ষ টাকা হিসাবে ০৫ জনের সর্বোচ্চ ২৫.০০ (পঁচিশ) লক্ষ টাকা।

**মন্তব্যঃ** কোন ঋণগ্রহিতা শাখায় ঋণ সহায়তা নিতে আসলে শাখা ব্যবস্থাপকগণ কম সময় কাগজপত্র যাচাই বাছাই করে ঋণ প্রদান করে থাকেন শাখা পরিদর্শনকালে তা প্রতিয়মান হয় এবং শাখা ব্যবস্থাপকগণকে সেবা গ্রহিতাগণের কাঙ্খিত সেবা পেতে যেন বিলম্ব না হয় সে ব্যাপারে প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হয়।

**৫. প্রবাসী কল্যাণ ব্যাংক সাধারণ ঋণঃ**

**প্রয়োজনীয় কাগজপত্রঃ** ঋণ আবেদনপত্র (নির্ধারিত ফরমে)। আবেদনকারীর সদ্য তোলা ০৩ (তিন) কপি ও গ্যারান্টরের সদ্য তোলা ০২ (দুই) পাসপোর্ট সাইজের ছবি, জাতীয় পরিচয় পত্রের ফটোকপি, বর্তমান ঠিকানা এবং স্থায়ী ঠিকানা সম্বলিত পৌরসভা/ইউনিয়ন পরিষদ কর্তৃক প্রদত্ত সনদপত্র।

**সেবার মূল্য ও পরিশোধ পদ্ধতিঃ** ন্যূনতম ১,০০০/-(এক হাজার) টাকা জমা করে চলতি হিসাব ৫০০.০০ (পাঁচশত) টাকা জমা করে সঞ্চয়ী হিসাব খুলতে হবে। প্রকল্প ঋণ ও চলতি পুঁজি/নগদ ঋণ এর ক্ষেত্রে সর্বোচ্চ ঋণ সীমা ২০.০০ (বিশ) লক্ষ টাকা।

**মন্তব্যঃ** কোন ঋণগ্রহিতা শাখায় ঋণ সহায়তা নিতে আসলে শাখা ব্যবস্থাপকগণ কম সময় কাগজপত্র যাচাই বাছাই করে ঋণ প্রদান করে থাকেন শাখা পরিদর্শনকালে তা প্রতিয়মান হয় এবং শাখা ব্যবস্থাপকগণকে সেবা গ্রহিতাগণের কাঙ্খিত সেবা পেতে যেন বিলম্ব না হয় সে ব্যাপারে প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হয়।

**৬. নারী উদ্যোক্তা কর্মসংস্থান ঋণঃ** নারী উদ্যোক্তা সৃষ্টির লক্ষ্যে নারী উদ্যোক্তা কর্মসংস্থান ঋণ চালু করা হয়েছে। ০১ ডিসেম্বর ২০২১ তারিখ হতে নারী উদ্যোক্তা কর্মসংস্থান ঋণ প্রদান করা হচ্ছে। নারী উদ্যোক্তা ঋণের আওতায় দুইভাবে ঋণ প্রদান করা হচ্ছে যা নিম্নরূপঃ

**(ক) নারী অভিবাসন ঋণঃ**

**প্রয়োজনীয় কাগজপত্রঃ**

ঋণ আবেদনপত্র (নির্ধারিত ফরমে)। আবেদনকারীর সদ্য তোলা ০৩ (তিন) কপি ও জামিনদারদের সদ্য তোলা ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি, জাতীয় পরিচয় পত্রের ফটোকপি, বর্তমান ঠিকানা এবং স্থায়ী ঠিকানা সম্বলিত পৌরসভা/ইউনিয়ন পরিষদ কর্তৃক প্রদত্ত সনদপত্র। জামিনদারদের যে কোন এক জনের স্বাক্ষরকৃত ০৩ টি চেকের পাতা (ঢাকার ক্ষেত্রে MICR চেক বাধ্যতামুলক) ও সংশ্লিষ্ট ব্যাংকের হিসাব বিবরণী অথবা হিসাব খোলার বিবরণী। ম্যানপাওয়ার স্মার্ট কার্ড, পাসপোর্ট ও ভিসার সত্যায়িত ফটোকপি। বিমান টিকিট (রি-এন্ট্রি ভিসার) ক্ষেত্রে বাধ্যতামূলক নয়।

**সেবার মূল্য ও পরিশোধ পদ্ধতিঃ** উপরোক্ত কাগজপত্রসহ আবেদনপত্র পাওয়া গেলে ১০ কর্মদিবসের মধ্যে ঋণ প্রদান করা হয়। ন্যূনতম ৫০০.০০ (পাঁচশত) টাকা জমা করে সঞ্চয়ী হিসাব খুলতে হবে। ঋণ গ্রহণের সময় ঋণ ঝুঁকি আচ্ছাদন স্কীমের সদস্য হতে হবে। নারী অভিবাসন ঋণ সীমা সর্বোচ্চ ৩.০০ ( তিন লক্ষ) টাকা এবং বিমান টিকিট (রি-এন্টি ভিসা) সহ অন্যান্য আনুষঙ্গিক ব্যয় বাবদ সর্বোচ্চ ২.০০ (দুই) লক্ষ টাকা।

**(খ) নারী পুনর্বাসন ঋণঃ**

**প্রয়োজনীয় কাগজপত্রঃ** ঋণ আবেদনপত্র (নির্ধারিত ফরমে)। আবেদনকারীর সদ্য তোলা ০৩ (তিন) কপি ও জামিনদারদের সদ্য তোলা ০২ (দুই)পাসপোর্ট সাইজের ছবি, জাতীয় পরিচয় পত্রের ফটোকপি/পাসপোর্ট/প্রযোজ্য ক্ষেত্রে জন্মনিবন্ধন সনদ, বর্তমান ঠিকানা এবং স্থায়ী ঠিকানা সম্বলিত পৌরসভা/ইউনিয়ন পরিষদ কর্তৃক প্রদত্ত সনদপত্র।

**সহজামানত/জামানত/গ্যারান্টিঃ**

ঋণ সর্বোচ্চ ৩.০০ (তিন) লক্ষ টাকা পর্যন্ত জামানতবিহীন। ৩.০০ (তিন) লক্ষ টাকার উর্ধ্বে হতে ৫.০০ (পাঁচ) লক্ষ টাকা পর্যন্ত সহজামানত গ্রহন করতে হবে; ৫.০০ (পাঁচ) লক্ষ টাকার উর্ধ্বে হলে ঋণের বিপরীতে ঋণ গ্রহীতা/গ্যারান্টরের মালিকানাধীন স্থাবর সম্পত্তি রেজিস্ট্রি মর্টগেজমূলে ব্যাংকের অনুকূলে দায়বদ্ধ থাকবে। ঋণ গ্রহীতার নিকট হতে নিজ নামীয় ৩ (তিন) টি স্বাক্ষরিত চেকের পাতা নিতে হবে (রেজিস্ট্রি মর্টগেজ ঋণ ব্যতিত)।

**সেবার মূল্য ও পরিশোধ পদ্ধতিঃ** উপরোক্ত কাগজপত্রসহ আবেদনপত্র পাওয়া গেলে ১৫ কর্মদিবসের মধ্যে ঋণ প্রদান করা হয়। ন্যূনতম ১,০০০/-(এক হাজার) টাকা জমা করে চলতি হিসাব ৫০০.০০ (পাঁচশত) টাকা জমা করে সঞ্চয়ী হিসাব খুলতে হবে এবং অন্য যে কোন তফসিলি ব্যাংকে চলতি/ সঞ্চয়ী হিসাব থাকতে হবে। সবোর্চ্চ ঋণ সীমা ৫০.০০ (পঞ্চাশ) লক্ষ টাকা।

**মন্তব্যঃ** কোন ঋণগ্রহিতা শাখায় ঋণ সহায়তা নিতে আসলে শাখা ব্যবস্থাপকগণ কম সময় কাগজপত্র যাচাই বাছাই করে ঋণ প্রদান করে থাকেন শাখা পরিদর্শনকালে তা প্রতিয়মান হয় এবং শাখা ব্যবস্থাপকগণকে সেবা গ্রহিতাগণের কাঙ্খিত সেবা পেতে যেন বিলম্ব না হয় সে ব্যাপারে প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হয়। নারীদের আর্থ সামাজিক উন্নয়নসহ নারী ক্ষমতায়নে নারী উদ্যোক্তা কর্মসংস্থান ঋণ প্রদানের ব্যাপারে জোর তৎপরতা অব্যাহত রাখতে সুপারিশ করা হয়।

**৭. আত্মকর্মসংস্থানমূলক ঋণঃ**

**প্রয়োজনীয় কাগজপত্রঃ** ঋণ আবেদনপত্র (নির্ধারিত ফরমে)। আবেদনকারীর সদ্য তোলা ০৩ (তিন) কপি ও জামিনদারদের সদ্য তোলা ০২ (দুই)পাসপোর্ট সাইজের ছবি, জাতীয় পরিচয় পত্রের ফটোকপি/পাসপোর্ট/প্রযোজ্য ক্ষেত্রে জন্মনিবন্ধন সনদ, বর্তমান ঠিকানা এবং স্থায়ী ঠিকানা সম্বলিত পৌরসভা/ইউনিয়ন পরিষদ কর্তৃক প্রদত্ত সনদপত্র।

**সহজামানত/জামানত/গ্যারান্টিঃ**

মঞ্জুরির ক্ষেত্রে ১.৫ গুণ সমপরিমাণ সহজামানত নিতে হবে। ৩.০০ (তিন) লক্ষ টাকার উর্দ্ধে হতে ৫.০০ (পাঁচ) লক্ষ টাকা পর্যন্ত ঋণের ক্ষেত্রে সহজামানত গ্রহণ করতে হবে। ৩.০০ (তিন) লক্ষ টাকার ঋণের ক্ষেত্রে ২ (দুই) জনের গ্যারান্টি এবং ৩.০০ (তিন) লক্ষ টাকার উর্দ্ধে ১(এক) জনের গ্যারান্টি নিতে হবে ঋণ গ্রহীতার নিকট হতে নিজ নামীয় ৩ (তিন) টি স্বাক্ষরিত চেকের পাতা নিতে হবে।

**সেবার মুল্য ও পরিশোধ পদ্ধতিঃ** উপরোক্ত কাগজপত্রসহ আবেদনপত্র পাওয়া গেলে অতিদ্রুত ঋণ প্রদান করা হয়। ন্যূনতম ১,০০০/- (এক হাজার) টাকা জমা করে চলতি হিসাব ৫০০.০০(পাঁচশত) টাকা জমা করে সঞ্চয়ী হিসাব খুলতে হবে এবং অন্য যে কোন তফসিলি ব্যাংকে চলতি/ সঞ্চয়ী হিসাব থাকতে হবে। সবোর্চ্চ ঋণ সীমা ৫.০০ (পাঁচ) লক্ষ টাকা।

**মন্তব্যঃ** এখনো ঋণ বিতরন উক্ত শাখা শুরু করেনি। তবে সিটিজেন চার্টার অনুযায়ী দ্রুততম সময়ে শুরু করার পরামর্শ দেয়া হয়।

**প্রবাসী কল্যাণ ব্যাংক এর চালুকৃত বিভিন্ন স্কীমসমূহঃ**

অত্র ব্যাংকের সকল শাখা হতে প্রবাসীদের কষ্টার্জিত টাকা যাতে প্রবাসী কল্যাণ ব্যাংকে বিভিন্ন সঞ্চয়ী হিসেবে জমা রাখতে পারে সেজন্য শাখায় ঋণ সহায়তা গ্রহণ করতে আসা সকল বিদেশ গমনেচ্ছু প্রবাসীদের উদ্বুদ্ধ করা হয়। বঙ্গবন্ধু ডাবল বেনিফিট স্কীম, বঙ্গবন্ধু শিক্ষা ও বিবাহ সঞ্চয় স্কীম,বঙ্গবন্ধু সঞ্চয়ী স্কীম এবং মেয়াদী আমানত খোলা ০১ কর্মদিবসের মধ্যে চাহিত কাগজপত্রানুসারে হিসাব সমূহ খোলা হয়।

**বৈদেশিক মুদ্রা ক্রয় ও বিক্রয়ঃ** হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের আগমনী কাস্টমস হলে ব্যাংক সারির উল্টো দিকে ৬৫.০০ (পয়ষট্টি) বর্গফুট জায়গায় স্থাপিত প্রবাসী কল্যাণ ব্যাংকের বুথ হতে বিদেশ থেকে আগত অভিবাসী কর্মীদের বিভিন্ন সেবা প্রদানসহ বৈদেশিক মুদ্রা ক্রয় ও বিক্রয় করা হচ্ছে।

এছাড়াও সকল শাখায় বিদেশগামী কর্মীদের রেজিস্ট্রেশন ফি গ্রহণ এবং চুক্তি অনুযায়ী এক্সচেঞ্জ হাউজের মাধ্যমে পৃথিবীর যে কোন দেশ হতে প্রেরিত রেমিটেন্স ২% প্রণোদনাসহ ব্যাংকের সকল শাখার মাধ্যমে স্পটক্যাশ রেমিটেন্স বিতরণ কার্যক্রম সিটিজেন চার্টার অনুযায়ী পরিচালিত হচ্ছে মর্মে দেখা যায়।

(সঞ্চিয়া বিনতে আলী)
উপ-ব্যবস্থাপনা পরিচালক

বিতরন (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়): সদয় জ্ঞাতার্থে

১. উপসচিব, (বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা),সিটিজেনস্ চার্টার বাস্তবায়ন পরিবীক্ষণ কমিটি,আর্থিক প্রতিষ্ঠান বিভাগ;
২. মহাব্যবস্থাপকদ্বয়, প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা;
৩. বিভাগীয় প্রধান/সেল প্রধান (সকল), প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা;
৪. শাখা ব্যবস্থাপক (সকল), প্রবাসী কল্যাণ ব্যাংক;
৫. ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের একান্ত সচিব (ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য), প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা;
৬. অফিস কপি।